

খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন-০৩)

নিয়োগ সংক্রান্ত নীতিমালা

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্ন বর্ণিত কর্মকর্তা শূন্যপদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে-

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১।	প্রধান প্রকৌশলী ৫৬,৫০০-৭৪,৪০০/- (গ্রেড-০৩)	১টি	প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রকৌশলে কমপক্ষে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমগ্রগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সমগ্রগ্রেডের পদে (গ্রেড-৪, বেতন স্কেল ৫০,০০০/-) ০৪ (চার) বছর বা উপ-প্রধান প্রকৌশলী/সমগ্রগ্রেডের পদে (গ্রেড-৫, বেতন স্কেল ৪৩,০০০/-) ০৮ (আট) বছরসহ ১ম শ্রেণির পদে (গ্রেড-৯, বেতন স্কেল ২২০০০/-) মোট ১৬ (ষোল) বছর প্রকৌশল সংশ্লিষ্ট কাজে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে অথবা প্রার্থীকে কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সমগ্রগ্রেডের (গ্রেড-৪, বেতন স্কেল ৫০,০০০/-) পদে ০৪ (চার) বছর বা উপ-প্রধান প্রকৌশলী/সমগ্রগ্রেডের পদে (গ্রেড-৫, বেতন স্কেল ৪৩,০০০/-) ০৮ (আট) বছর সহ ১ম শ্রেণির পদে/পদমর্যাদায় (গ্রেড-৯, বেতন স্কেল ২২০০০/-) মোট ১৭ (সতের) বছর প্রকৌশল সংশ্লিষ্ট কাজে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে অথবা প্রার্থীকে কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে উপ-প্রধান প্রকৌশলী/সমগ্রগ্রেডের পদে (গ্রেড-৫, বেতন স্কেল ৪৩,০০০/-) ০৪ (চার) বছরসহ ১ম শ্রেণির পদে/পদমর্যাদায় (গ্রেড-৯, বেতন স্কেল ২২০০০/-) মোট ২০ (বিশ) বছর প্রকৌশল সংশ্লিষ্ট কাজে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৫০ বছর।



নিয়মাবলী :


- ১। আগ্রহী প্রার্থীগণকে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (পূর্ব চাকরির বিস্তারিত বিবরণ- প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, পদ, বেতনস্কেল ও প্রাপ্ত বেতন, চাকরির মেয়াদকাল) ইত্যাদি উল্লেখপূর্বক নির্দিষ্ট ফর্ম (খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (<http://ku.ac.bd/career/>) থেকে ডাউনলোড করে ফর্ম পূরণপূর্বক) রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা -৯২০৮ বরাবর ১০ (দশ) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
- ২। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- ৩। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে স্নাতকোত্তর ও স্নাতক ডিগ্রি নিম্নরূপে সমমান বিবেচিত হবে-
স্নাতকোত্তর /সমমান = ৪ বছর মেয়াদী স্নাতক = ৩ বছর মেয়াদী স্নাতক + ১ বছর মেয়াদী স্নাতকোত্তর = ২ বছর মেয়াদী স্নাতক + ২ বছর মেয়াদী স্নাতকোত্তর। অর্থাৎ কমপক্ষে ১৬ বছরের প্রাতিষ্ঠানিক ডিগ্রি। স্নাতক /সমমান = ৪ বছরের কম যে কোন স্নাতক ডিগ্রি।
- ৪। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, স্নাতক/সমমান ও স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির বিভাগ/শ্রেণি/গ্রেড নিম্নরূপে সমমান বিবেচিত হবে -
সাধারণ - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ৩.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.৫০ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.২৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.৫০ (৫.০০ স্কেলে)। কলা ও মানবিক - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.২৫ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.২৫ (৫.০০ স্কেলে)।
- ৫। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৬। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।
- ৭। প্রার্থীকে কম্পিউটার ও ইংরেজি ভাষায় দক্ষ হতে হবে।





- ৮। প্রতি সেট আবেদনপত্রের সংগে নিম্নলিখিত কাগজ-পত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-
- ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি
 - খ) নাগরিকত্ব সার্টিফিকেট, জাতীয় পরিচয় পত্র ও কম্পিউটার সনদের সত্যায়িত কপি
 - গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি করে)
 - ঘ) যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার উপর, রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-এর অনুকূলে ৬০০/- (ছয়শত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে।
- ৯। আবেদনপত্র আগামী ১৮/০৪/২০১৯ থেকে ০৭/০৫/২০১৯ খ্রি. তারিখ বিকাল ০৫-০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে (সরাসরি অথবা ডাকযোগে)।
- ১০। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১১। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।


(প্রফেসর খান গোলাম কুদ্দুস)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)